বাংলা একাডেমি
৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ
রমনা, ঢাকা ১০০০

ফোন : ৫৮৬১১৩২৬
ফ্যাক্স : ৮৮০-০২-৯৬৬১০৮০
ই-মেইল : bacademyda1955@yahoo.com
ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

স্মারক নং- প্রমাপ/পরি-৫৯৪/২২/২০২১-২২/ ৭৮৬/৪/অ.প

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রি.

বিষয় : বাংলা একাডেমির প্রস্তাবিত 'অনুবাদকর্মের উন্নয়ন : প্রশিক্ষণ ও প্রকাশনা' শীর্ষক প্রকল্পের অনুকূলে সর্বসাধারণের মতামত গ্রহণের নিমিত্ত ওয়েবসাইটে প্রকাশ ও কমেন্টবক্স তৈরি

সূত্র : ১. পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর স্মারক নম্বর ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯, তারিখ: ৩০ নভেম্বর ২০২৪

সূত্র : ২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৩.০০.০০০০.১১৯.১৪.০০৮.২২(খণ্ড-১)-৪৬, তারিখ: ২৯ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহাপরিচালক মহোদয়ের নির্দেশে-এ পত্র লেখা হলো।

**'অনুবাদকর্মের উন্নয়ন : প্রশিক্ষণ ও প্রকাশনা'** শীর্ষক প্রস্তাবিত প্রকল্পটি পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় অন্তর্ভুক্ত রয়েছে। এমতাবস্থায়, ডিপিপিতে অন্তর্ভুক্তির লক্ষ্যে পরিকল্পনা বিভাগ-এর পরিপত্রের ক্রমিক নং ২ এবং ৩ অনুযায়ী প্রকল্পের অনুকূলে সর্বসাধারণের মতামত সংগ্রহের নিমিত্ত ওয়েবসাইটে প্রকাশ ও কমেন্টবক্স তৈরির জন্য এই সঙ্গে তথ্যাবলি প্রেরণ করা হলো।

পরিচালক
জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ
বাংলা একাডেমি, ঢাকা

(সমীর কুমার সরকার)
পরিচালক
প্রশাসন, মানবসম্পদ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ
বাংলা একাডেমি, ঢাকা।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের দপ্তর, বাংলা একাডেমি, ঢাকা;
২. মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলা একাডেমি, ঢাকা;
৩. উপপরিচালক, পরিকল্পনা উপবিভাগ, বাংলা একাডেমি, ঢাকা;
৪. সংশ্লিষ্ট নথি।

Scanned with CamScanner

# বাংলা একাডেমি, ঢাকা
## পরিকল্পনা উপবিভাগ

বিষয় : "অনুবাদকর্মের উন্নয়ন : প্রশিক্ষণ ও প্রকাশনা" শীর্ষক প্রস্তাবিত প্রকল্প

| | | |
|---|---|---|
| প্রকল্পের শিরোনাম | : | **অনুবাদকর্মের উন্নয়ন: প্রশিক্ষণ ও প্রকাশনা শীর্ষক প্রকল্প**<br>A Project for Development of Translation : Training and Publication |
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা (সংস্থাসমূহ) | : | বাংলা একাডেমি, ঢাকা |
| পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ | : | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ |
| প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষমাত্রা | : | ক. দেশের অনুবাদ সাহিত্যকে গতিশীল ও সমৃদ্ধ করতে মোট ১০০ (একশ)টি অনূদিত গ্রন্থ প্রকাশ করা;<br>খ. বাংলা ভাষায় রচিত সৃজনশীল, মননশীল এবং ইতিহাস ও দর্শন বিষয়ক আকরগ্রন্থ ইংরেজি ভাষায় অনুবাদ করে প্রকাশের ব্যবস্থা করা;<br>গ. বিশ্বের অন্যান্য ভাষায় রচিত শিল্প-সাহিত্য-ইতিহাস-দর্শন-বিজ্ঞান প্রভৃতি বিষয়ক গ্রন্থ বাংলা ভাষায় অনুবাদ করে প্রকাশ করা;<br>ঘ. ওয়ার্কশপ ও প্রশিক্ষণের মাধ্যমে দেশে মানসম্মত অনুবাদক তৈরি করা;<br>ঙ. বাংলা একাডেমি জাতির মননের প্রতীক। অনুবাদের মাধ্যমে বাংলাদেশের প্রাচীন ইতিহাস, ভাষা-আন্দোলন থেকে মুক্তিযুদ্ধের ইতিহাস এবং বাংলা ভাষায় রচিত সাহিত্য ইংরেজি ভাষায় অনুবাদের মাধ্যমে বিশ্ববাসীর সামনে তুলে ধরা এবং বিশ্বের অন্যান্য ভাষায় রচিত সৃজনশীল ও মননশীল গ্রন্থ অনুবাদ করে বাংলাদেশের জ্ঞানচর্চার ক্ষেত্র প্রসারিত করা;<br>চ. বাংলা একাডেমি প্রতিষ্ঠালগ্ন থেকেই যে দুটি বিভাগ সৃষ্টির মাধ্যমে একাডেমির কার্যক্রম শুরু করা হয় তার একটি ছিল অনুবাদ বিভাগ। ফলে শুরু থেকেই বাংলা একাডেমি অনুবাদের বিষয়টিকে গুরুত্ব দিয়ে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় একটি বৃহৎ পরিসরে বাংলা ভাষায় রচিত সৃজনশীল, মননশীল ও ইতিহাস ও দর্শন বিষয়ক গ্রন্থ ইংরেজি ভাষায় অনুবাদ এবং অন্যান্য ভাষায় রচিত চিরায়ত ও আকরগ্রন্থ বাংলা ভাষায় অনুবাদের জন্য বাংলা একাডেমি প্রস্তাব করছে। |



মোঃ বদিউল আলম
সহপরিচালক (চলতি দায়িত্ব)
পরিকল্পনা উপবিভাগ
বাংলা একাডেমি, ঢাকা

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| | | ছ. বাংলা একাডেমি মনে করে অনূদিত গ্রন্থ প্রকাশই নয়, সঙ্গে সঙ্গে মানসম্মত অনুবাদক তৈরিতে একাডেমি ভূমিকা রাখতে পারে। এই প্রকল্পের মাধ্যমে উদীয়মান অনুবাদকদের প্রশিক্ষণ ও কর্মশালার মধ্য দিয়ে দক্ষ অনুবাদক হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। |
| প্রকল্পের ফলাফল | : | ক. তিন বছরে ১০০ (একশ)টি অনূদিত বইয়ের পাণ্ডুলিপি প্রস্তুত ও গ্রন্থাকারে প্রকাশ করা সম্ভব হবে।<br>খ. তিন বছরে তিনটি ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে মোট ৭৫ (পঁচাত্তর) জন যোগ্য অনুবাদক তৈরি করা; যাঁরা বাংলা একাডেমিসহ অন্যান্য প্রতিষ্ঠান ও ব্যক্তিগত উদ্যোগে অনুবাদকর্মে নিয়োজিত থাকবেন।<br>গ. দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অনুবাদ সাহিত্যের প্রয়োজনীয়তা ও সম্ভাব্য ক্ষেত্র হিসেবে প্রচার ও প্রচারণার মধ্য দিয়ে অনুবাদের ভবিষ্যৎ সম্ভাবনা তৈরি করা যাবে। |
| প্রকল্পের আউটপুট | : | ক. ১০০ (একশ)টি অনূদিত বইয়ের পাণ্ডুলিপি প্রস্তুত ও গ্রন্থাকারে প্রকাশ।<br>খ. প্রশিক্ষণের মাধ্যমে যোগ্য অনুবাদক তৈরি করা। |
| প্রকল্পের কার্যাবলি | : | ক. দেশের অনুবাদ-বিশেষজ্ঞদের দ্বারা যোগ্য এবং আগ্রহী প্রশিক্ষণার্থী নির্বাচন;<br>খ. দেশের খ্যাতিমান অনুবাদকদের দ্বারা অনুবাদ প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান<br>গ. প্রশিক্ষণার্থীদের দ্বারা অনুবাদকর্ম সম্পাদন;<br>ঘ. দেশি বিদেশি সম্পাদনা প্যানেল তৈরি করে অনূদিত পাণ্ডুলিপি পরীক্ষণ ও নিরীক্ষণ;<br>ঙ. প্রয়োজনে বিদেশি অনুবাদকদের কমিশন করে বাংলা সাহিত্য অনুবাদে নিয়োজিত করা;<br>চ. অনূদিত পাণ্ডুলিপি সম্পাদনার মাধ্যমে বাংলা একাডেমি থেকে প্রকাশের ব্যবস্থা গ্রহণ;<br>ছ. প্রশিক্ষণার্থীদের অনুবাদের কাজে সহযোগিতা ও পরামর্শ প্রদান;<br>জ. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের দিয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ও অন্যান্য ভাষাশিক্ষা ও সাহিত্য বিভাগে অনুবাদের প্রয়োজনীয়তা, করণীয় ও ক্ষেত্র বিষয়ে সভা/সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন;<br>ঝ. প্রকল্প শেষে প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান। |

০৭.০৪.২০২৫
মোঃ বদিউল আলম
সহপরিচালক (চলতি দায়িত্ব)
পরিকল্পনা উপবিভাগ
বাংলা একাডেমি, ঢাকা



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

স্মারক : ৪৩.০০.০০০০.১১৯.১৪.০০৮.২২ (খন্ড-১)-৪৬

তারিখ : ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

**বিষয়: "অনুবাদকর্মের উন্নয়ন: প্রশিক্ষণ ও প্রকাশনা" শীর্ষক প্রকল্পের অর্থায়ন সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং: ০৭.০০.০০০০.১২৩.১৪.০৮৫.২৩.২১৭; তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলা একাডেমি কর্তৃক প্রস্তাবিত "অনুবাদকর্মের উন্নয়ন: প্রশিক্ষণ ও প্রকাশনা" শীর্ষক প্রকল্পটির ডিপিপি'র নির্ধারিত স্থানে সচিব মহোদয়ের স্বাক্ষর ও সিল না থাকায় এবং পরিকল্পনা বিভাগের ৩০ অক্টোবর ২০২৪ তারিখের ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.১৩(অংশ-৩)/১৭৯ নং স্মারকের পরিপত্র মোতাবেক সর্বসাধারণের মতামত গ্রহণ সংক্রান্ত প্রতিবেদন না থাকায় প্রকল্পটির অর্থায়নে নির্দেশক্রমে অর্থ বিভাগ অসম্মতি জ্ঞাপন করেছে।

০২। বর্নিতাবস্থায়, বাংলা একাডেমি কর্তৃক প্রস্তাবিত "অনুবাদকর্মের উন্নয়ন: প্রশিক্ষণ ও প্রকাশনা" শীর্ষক প্রকল্পটির অর্থায়নের বিষয়ে অর্থ বিভাগের অসম্মতি জ্ঞাপন সংক্রান্ত পত্র নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৯/০৩/২০২৬
মহুয়া আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২-৫৫১০০৮৩৪
ই-মেইল : planning2@moca.gov.bd

মহাপরিচালক
বাংলা একাডেমি
৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।

অনুলিপি :

১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

E:\Bangla Academy\অনুবাদকর্মের উন্নয়ন Letter.docx 7

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-২৩
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১২৩.১৪.০৮৫.২৩.২১৭

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ / ১৯ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলা একাডেমি কর্তৃক বাস্তবায়িতব্য "অনুবাদকর্মের উন্নয়ন: প্রশিক্ষণ ও প্রকাশনা" শীর্ষক প্রকল্পের অর্থায়ন।**

সূত্র: সংস্কৃতি বিষয় মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০২৬ তারিখের স্মারক নং-৪৩.০০.০০০০.১১৯.১৪.০০৮.২২-০৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলা একাডেমি কর্তৃক বাস্তবায়িতব্য "অনুবাদকর্মের উন্নয়ন: প্রশিক্ষণ ও প্রকাশনা" শীর্ষক প্রকল্পটির ডিপিপি'র নির্ধারিত স্থানে সচিব মহোদয়ের স্বাক্ষর ও সিল না থাকায় এবং পরিকল্পনা বিভাগের ৩০ অক্টোবর ২০২৪ তারিখের ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.১৩ (অংশ-৩)/১৭৯নং স্মারকের পরিপত্র মোতাবেক সর্বসাধারণের মতামত গ্রহণ সংক্রান্ত প্রতিবেদন না থাকায় প্রকল্পটির অর্থায়নে নির্দেশক্রমে অর্থ বিভাগের অসম্মতি জ্ঞাপন করা হলো।


(মোঃ হুমায়ুন কবির)
উপসচিব
ফোন: ০২-৯৫৪০২৮৭
Email: humayun@finance.gov.bd


সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সচিব মহোদয়ের দপ্তর
ডাইরি নং: ৬০৭
তারিখ: ২১/০২/২৬

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব | |
| অতিরিক্ত সচিব (সংস্কৃতি ও ঐতিহ্য) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | ✓ |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | |
| যুগ্ম সচিব | |
| সচিবের একান্ত সচিব | |

সচিবের স্বাক্ষর

যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর দপ্তর
ডাইরি নং: ৭৩
তারিখ: ২২/২/২৬
স্বাক্ষর:

| | |
|---|---|
| উপসচিব/সিঃসহকারী সচিব (উন্নয়ন ও পরিকল্পনা শাখা) | ১ |
| | ২ |
| | ৩ |

৫২৬
২৩/২/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২
(www.plandiv.gov.bd)

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯ তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

# পরিপত্র

বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণ

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সম্পর্কিত নির্দেশনা সংবলিত একটি পরিপত্র পরিকল্পনা বিভাগ কর্তৃক ১২ জুন ২০২২ তারিখে স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ-১)/১৩৩ এর মাধ্যমে জারি করা হয়। উক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণকল্পে বিনিয়োগ প্রকল্প/কর্মসূচির প্রস্তাব (ডিপিপি) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে সর্বসাধারণের মতামত গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(১) প্রকল্প/কর্মসূচি সম্পর্কে মতামত প্রদানের সুবিধার্থে প্রকল্প/কর্মসূচির প্রাথমিক তথ্যসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য যথা: সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকল্প গ্রহণের পটভূমি/যৌক্তিকতা, প্রকল্প এলাকা, আর্থিক ও অর্থনৈতিক সম্ভাব্য ফলাফল, পরিবেশ ও সামাজিক প্রভাব, দুর্যোগের ঝুঁকি ও ঝুঁকি প্রশমন পরিকল্পনা, প্রযোজ্য ক্ষেত্রে গ্রীন অ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্ট নির্দেশক সংবলিত অংশ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(২) ক্রমিক নম্বর (১) এ বর্ণিত বিষয়সমূহ ওয়েবসাইটে প্রকাশের পর মতামত প্রদানের জন্য অন্যূন দুই সপ্তাহ সময় দিতে হবে।

(৩) মতামত প্রদানের জন্য মন্ত্রণালয়/বিভাগের আইসিটি সেল কর্তৃক একটি কমেন্ট বক্স তৈরি করতে হবে।

(৪) মতামত পাওয়ার পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিস্তারিত পর্যালোচনান্তে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন ও পরিমার্জনপূর্বক ডিপিপি চূড়ান্ত করে অনুমোদন প্রক্রিয়াকরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩০.১০.২৪
(ড. নেয়ামত উল্যা ভূঁইয়া)
সিনিয়র সচিব
পরিকল্পনা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল), ............................................................, ঢাকা।
৪. সদস্য (সকল), ............................................................ বিভাগ, পরিকল্পনা কমিশন।

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯ তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

30.10.24
(মোসা: জেসমিন আরা)
উপপ্রধান (একনেক)

Scanned with CamScanner